



মাঠপর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ- মোঃ রাকিবুল আহসান নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
তারিখ ও সময়	ঃ- ১২/১২/২০২২, সকাল ১১ টা
সভার স্থান	ঃ- সভাকক্ষ, সহকারী প্রকৌশলী-২ এর দপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ- পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো

সভায় উপস্থিত সকল সদস্যকে শূভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

আলোচ্য বিষয়	ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
মাঠ পর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা	১	সময় থাকতে সময় বর্ধনের জন্য ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।	১. কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্ত হওয়ার ২৮ দিন পূর্বেই ঠিকাদারকে সময় বর্ধন এবং পিজি নবায়নের বিষয়ে মৌখিকভাবে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন। ২. মেরামত ও সংস্কার কাজ যথাসময়ে সমাপ্তির নির্দেশনা প্রদান করেন। ৩. বার চার্ট সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। ৪. ঠিকাদার কর্তৃক প্রদত্ত বারচার্ট অনুযায়ী কাজের তদারকি করতে হবে। যদি বারচার্ট অনুযায়ী কাজ পিছিয়ে থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারকে চিঠি দিয়ে জানাতে হবে এবং প্রয়োজনীয় দাপ্তরিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সহকারী, উপ-সহকারী প্রকৌশলী, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর ও অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক।
	২	সাইট পজিশন গ্রহণ বিলম্বিত হওয়া প্রসঙ্গে।	১. Site Order book আবশ্যিকভাবে সাইটে সংরক্ষণ রাখতে হবে। ২. সাইট পজিশন দেরিতে গ্রহণ করা হলে তার কারণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী এবং সহকারী প্রকৌশলগণ লিখিতভাবে নির্বাহী প্রকৌশলী মহোদয়কে জানাবেন।	সংশ্লিষ্ট সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী
	৩	পরিমাপ বহিতে (MB) বিস্তারিত পরিমাপ উল্লেখকরণ এবং সঠিকভাবে উপস্থাপন।	১. পরিমাপ বহিতে কখনো কাটাকাটি করা যাবে না, প্রয়োজনে একটানে কেটে ইনিশিয়াল দিতে হবে ও লাল কালি ব্যবহার করা যাবে না। পরিমাপ বহি ও বিল ফর্মে ক্রম নম্বর একই হতে হবে।	সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী
	৪	প্রাক্কলন দাখিলের সময় এর রোট সিডিউল, এডিশনাল রোট এবং রোট স্পেসিফিকেশন উল্লেখকরণ বিষয়ে।	১. প্রাক্কলন যথাযথভাবে রোট সিডিউল এবং প্রতিটি আইটেমের রোট স্পেসিফিকেশন উল্লেখ করতে হবে। প্রথমে রোট সিডিউল, তারপর রোট স্পেসিফিকেশন বিস্তারিত থাকবে। যদি এডিশনাল রোট থাকে তবে রোট স্পেসিফিকেশনের নিচে এডিশনাল রোট স্পেসিফিকেশন উল্লেখ করতে হবে।	সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী
	৫	বিল, প্রাক্কলন, সংশোধিত প্রাক্কলন সহ সকল বিষয়ে ফরওয়ার্ডিং বিষয়ে।	১. অত্র দপ্তরের সকল দাপ্তরিক কাজের সচ্ছতা এবং জবাবদিহিতার জন্য বিল, প্রাক্কলন, সংশোধিত প্রাক্কলন সহ সকল বিষয়ে অগ্রায়ন পত্র থাকতে হবে। সকলের ক্ষেত্রে বিষয়টি প্রযোজ্য।	সংশ্লিষ্ট সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী
	৬	প্রাক্কলন জমা দেওয়ার বিষয়ে।	১. সংশোধিত প্রাক্কলন নির্মাণ কাজ শেষ হওয়ার আগেই দাখিল করতে হবে। ২. সংশোধিত প্রাক্কলন যথাযথ নিয়মে দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী
	৭	অগ্রগতির প্রতিবেদন সহ সংশ্লিষ্ট প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলীগণ সভায় উপস্থিত বিষয়ে।	১. মাসিক সভায় উপ-সহকারী প্রকৌশলীগণ/সহকারী প্রকৌশলীগণ ধীরগতি এবং বন্ধ কাজগুলোর বিষয়ে বিস্তারিত প্রতিবেদনসহ প্রতি সভায় উপস্থাপন করবেন।	সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী
	৮	মেরামত ও সংস্কার কাজে মাটি পরীক্ষা থাকা প্রসঙ্গে।	২. সংস্কার ও মেরামত / নতুন নির্মাণ কাজে দুই কক্ষবিশিষ্ট বিল্ডিংয়ের ক্ষেত্রে মাটি পরীক্ষা করাতে হবে।	সংশ্লিষ্ট সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী

			কমপক্ষে দুইটি বোরহোল/ বোরিং থাকতে হবে।	
৯	অন্যান্য	১. সমাপ্তকৃত প্রতিষ্ঠানের ছবি DSLR ক্যামেরা দিয়ে উঠাতে হবে যেন ছবি পরিষ্কার এবং পুরো ভবনের সামনের ও পেছনের ভিউ আসে। সংশ্লিষ্ট ভবনের ছবি ২টি A4 ও ৪টা 5R সাইজের ছবি দাখিল করতে হবে। ২. বন্ধ কাজ, কাজে অসজ্জাতি, ধীরগতি, ত্রুটিযুক্ত কাজের ক্ষেত্রে ঠিকাদারকে চিঠি ও তাগাদা নিয়মিতভাবে প্রদান করতে হবে। বন্ধ/ত্রুটিপূর্ণ কাজে চিঠি ইস্যুর বিষয়ে কোন গাফলতি হলে সংশ্লিষ্ট প্রকৌশলীকে জবাবদিহিতার আওতায় আনা হবে। ৩. সকল প্রকার ঢালাই কাজে রেডিমেইড ব্লক ব্যবহারের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী	

২.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মোঃ রাকিবুল আহসান)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
ও
সভাপতি
মাঠ পর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা সভা
ফোনঃ ০২৫৮৮৮৯৩২৪৮
e-mail: ee_chap@eedmoe.gov.bd

অনুলিপি: সদয় অবগতির জন্য কার্যার্থে প্রেরিত হলো:

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
- ০২। হিসাবরক্ষক, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। উচ্চমান সহকারী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৪। বিতরণ (উপস্থিত সকল সদস্যবৃন্দ)।
- ০৫। অফিস কপি।

(মোঃ রাকিবুল আহসান)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
ও
সভাপতি
মাঠ পর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা সভা
ফোনঃ ০২৫৮৮৮৯৩২৪৮
e-mail: ee_chap@eedmoe.gov.bd